



## প্রাথমিক সমাপনী শুরু রবিবার

প্রকাশিত: ১৫ - নভেম্বর, ২০১৯ ১২:০০ এ. এম.

স্টাফ রিপোর্টার ॥ আগামী রবিবার থেকে শুরু হচ্ছে প্রাথমিক ও এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা। এবার পরীক্ষার্থীর সংখ্যা ২৯ লাখ তিন হাজার ৬৩৮ জন। গত বছর পরীক্ষার্থী ছিল ৩০ লাখ ৯৬ হাজার ২৭০ জন। এবার সাধারণ শিক্ষার প্রাথমিক শিক্ষা সমাপনীতে পরীক্ষার্থী কমেছে দুই লাখ ২৩ হাজার ৬১৫ জন। তবে মাদ্রাসার এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষায় গতবারের চেয়ে প্রায় ৩১ হাজার পরীক্ষার্থী বেড়েছে।

বৃহস্পতিবার সচিবালয়ে সংবাদ সম্মেলনে পরীক্ষার বিভিন্ন দিক তুলে ধরেছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মোঃ জাকির হোসেন। তিনি বলেন, রবিবার থেকে শুরু হয়ে পরীক্ষা চলবে ২৪ নবেম্বর পর্যন্ত। সংবাদ সম্মেলনে প্রাথমিক ও গণশিক্ষা সচিব আকরাম-আল-হোসেন, প্রাথমিক শিক্ষা অধিদফতর মহাপরিচালক ড. এএফএম মনজুর কাদির প্রমুখ উপস্থিত ছিলেন।

পরীক্ষার সময়সূচী ॥ প্রাথমিক শিক্ষা সমাপনীতে ১৭ নবেম্বর ইংরেজী, ১৮ নবেম্বর বাংলা, ১৯ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয়, ২০ নবেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২১ নবেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৪ নবেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। এবতেদায়ী শিক্ষা সমাপনীতে ১৭ নবেম্বর ইংরেজী, ১৮ নবেম্বর বাংলা, ১৯ নবেম্বর বাংলাদেশ ও বিশ্ব পরিচয় এবং বিজ্ঞান, ২০ নবেম্বর আরবী, ২১ নবেম্বর কুরআন মাজিদ ও তাজবিদ এবং ২৪ নবেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা আজ ॥ ১৬তম শিক্ষক নিবন্ধনের লিখিত পরীক্ষা শুরু হচ্ছে আজ শুক্রবার। আগামীকাল শনিবার এ পরীক্ষা শেষ হবে।

আজ সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত স্কুল পর্যায়-২ ও স্কুল পর্যায়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। শনিবার সকাল ৯টা থেকে দুপুর ১২টা পর্যন্ত কলেজ পর্যায়ের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতৃক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইস্কাটন, জিপিও বাস্র: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহ্যান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: